

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৬৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ যে ব্যক্তি গোরস্থানে প্রবেশ করবে, তার প্রতি নির্দেশ হলো তিনি নিজের ও গোরস্থানবাসীর জন্য নিরাপত্তা চাইবে (আমরা আল্লাহর কাছে সেই অবস্থায় বারাকাহ প্রার্থনা করছি)

ذِكْرُ الْأَمْرِ لِمَنْ دَخَلَ الْمَقَابِرَ أَنْ يَسْأَلَ اللَّهَ جَلَّ وَعَلَا الْعَافِيَةَ لِنَفْسِهِ وَلِمَنْ تَحْتَ أَطْبَاقِ الثَّرَى نَسْأَلُ اللَّهَ الْبَرَكَةَ فِي تِلْكَ الحالة

আরবী

3163 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَلْقَمَةَ بْنِ مَرْثَدِ عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ: عَنْ أَبِيهِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا خَرَجُوا إِلَى الْمَقَابِرِ يُعَلِّمُهم أَنْ يَقُولُوا: السَّلَامُ عَلَى أَهْلِ الدَّارِ مِنَ الْمُؤْمِنِينَ وَالْمُسْلِمِينَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ بِكُمْ لَلَاحِقُونَ يَقُولُوا: السَّلَامُ عَلَى أَهْلِ الدَّارِ مِنَ الْمُؤْمِنِينَ وَالْمُسْلِمِينَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ بِكُمْ لَلَاحِقُونَ أَنْتُمْ لَنَا فَرَطٌ وَنَحْنُ لَكُمْ تبع نسأل الله لنا ولكم العافية.

الراوي: بُرَيْدَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3163 ا خلاصة حكم المحدث: صحيح _ ((الأحكام)) (ص 240): م.

বাংলা

৩১৬৩. বুরাইদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "সাহাবীগণ যখন গোরস্থানে যেতেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে এটা বলতে শিক্ষা দিতেন, السَّكَرُمُ عَلَى أَهْلِ الدَّالِ مِنَ الْمُؤْمِنِينَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ بِكُمْ لَلَاحِقُونَ أَنْتُمْ لَنَا هَرَطٌ وَنَحْنُ لَكُمْ تبع نسأل الله لنا ولكم العافية (মুমিন-মুসলিমদের নিবাসের অধিবাসীদের প্রতি শান্তি বর্ষিত হোক। আর নিশ্চয়ই আমরা তোমাদের সাথে মিলিত হবো। তোমরা আমাদের অগ্রগামী আর আমরা তোমাদের অনুগামী। আমরা আমাদের ও তোমাদের জন্য নিরাপত্তা চাই)।"[1]



ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৪০; মুসনাদ আহমাদ: ৫/৩৫৩; ইবনুস সুন্নী: ৫৯৪; সহীহ মুসলিম: ৯৭৫; ইবনু মাজাহ: ১৫৪৭; বাগাবী: ১৫৫৫; সুনান বাইহাকী: ৪/৭৯; নাসাঈ: ৪/৯৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ২৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন